

দেশের শিশু শিক্ষার মানোন্নয়নে ইউনিসেফ ইইউ সহযোগিতা চুক্তি

স্টাফ রিপোর্টার : প্রাক-প্রাথমিক থেকে পঞ্চম শ্রেণীতে অধ্যয়নরত বাংলাদেশের সকল শিশুকে মানসম্পন্ন শিশুস্বাক্ষর শিক্ষা প্রদানের জন্য কার্যকর, সমন্বিত এবং সমতাভিত্তিক একটি প্রাথমিক শিক্ষা ব্যবস্থা প্রতিষ্ঠা করার জন্য বাংলাদেশ সরকারকে সহযোগিতা প্রদানের উদ্দেশ্যে ইউনিসেফ ও ইউরোপিয়ান ইউনিয়নের মধ্যে ঐতিহাসিক সহযোগিতা চুক্তিব্যাক্তর হয়েছে।

গতকাল সোমবার বাংলাদেশে নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের ডেপুটি সেকশন প্রধান, হার্টনুড উইলিয়াম হান্না এবং ইউনিসেফের বাংলাদেশ প্রতিনিধি প্যাসকেল ডিলনোভ-এর মধ্যে অনুষ্ঠিত এক চুক্তিব্যাক্তর অনুষ্ঠানের মাধ্যমে এই সহযোগিতার বিষয়টি আনুষ্ঠানিকভাবে সম্পন্ন হয়।

এই সহযোগিতা চুক্তির মাধ্যমে ইউরোপীয় ইউনিয়ন তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচিতে চার বছরের (২০১২-২০১৬) জন্য ইউনিসেফকে ৩৫ লাখ ডলার অনুদান প্রদান করেছে। এক বছরব্যাপী প্রাক-প্রাথমিক ও প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত শিক্ষা এই কর্মসূচির অন্তর্ভুক্ত।

বাংলাদেশে নিযুক্ত ইউনিসেফ প্রতিনিধি প্যাসকেল ডিলনোভ বলেন, মানসম্পন্ন শিক্ষা মানুষের মৌলিক অধিকার। কিন্তু বাংলাদেশে অনেক শিশুর জন্যই এই অধিকার এখন পর্যন্ত বাস্তবতায় পরিণত হয়নি। শিক্ষার জন্য মাতা-পিতা, শিক্ষক, ছাত্র, সমাজ, সুশীল সমাজ, এনজিও, উন্নয়ন সহযোগী এবং সরকার, সকলেরই

সংগঠিত প্রয়োজন।

ইইউ হার্টনুড উইলিয়াম হান্না বলেন, শিশুদের জন্য বিনিয়োগ ইইউ'র জন্য একটি অন্যতম প্রধান কার্যক্রম। তিনি আরো বলেন, এটা আমাদের জন্য গর্বের বিষয় যে, আমাদের সনদ্য রট্রিসমূহকে নিয়ে আমরা বাংলাদেশে শিশুদের জীবনমান উন্নয়নের জন্য বর্তমানে পরিচালিত বিভিন্ন কর্মসূচিতে প্রায় পাঁচ হাজার সাতশ' কোটি ইউরো বিনিয়োগ করেছি।